জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মরক নং-জঃপৌঃস/প্রকৌঃ/২০১৯-২০২০/ ৬৫০ তারিখ ঃ ১২/১১/১৯ ইং

# সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী ও শিশু বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ১২/১১/২০১৯ তারিখ রোজঃ মঙ্গলবার সময়ঃ বেলা ১১.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী ও শিশু বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ প্রসঙ্গে।
২। আসন্ন শীতে বৃদ্ধ ও শিশুদের প্রতি অধিকতর যত্ন নেওয়া বিষয়ে সচেতনতা মূলক কর্মসূচী গ্রহন প্রসঙ্গে।
৩। (অক্টোবর-ডিসেম্বর/২০১৯) কোয়াটারে উঠান বৈঠক সফল ভাবে আয়োজনের প্রস্তুতি গ্রহণ প্রসঙ্গে।
৪। বিবিধ।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত আসন)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

..........................................................

..........................................................

জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

## নারী ও শিশু বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন
তারিখ ঃ ১২/১১/২০১৯ ইং
রোজ ঃ মঙ্গলবার।
সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ . | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-২ ১ জয়পুরহাট পৌরসভা | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | স্বাক্ষরিত |

মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা। অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালন করেন।

অদ্যকার সভায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

**১নং আলোচ্য বিষয় ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।**

**সিদ্ধান্ত ঃ** সভায় উপস্থিত সকলের অবগতির জন্য গত সভার রেজুলেশন পাঠ করেন অত্র কমিটির সাচিবিক দায়িত্বে নিয়োজিত জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা, বিভিন্ন বিষয় পর্যালোচনা অন্তে কোন রূপ সংশোধনী ছাড়াই তাহা সর্ব সম্মতিক্রমে গৃহীত হয়।

**২নং আলোচ্য বিষয় ঃ আসন্ন শীতে বৃদ্ধ ও শিশুদের প্রতি অধিকতর যত্ন নেওয়া বিষয়ে সচেতনতা মূলক কর্মসূচী গ্রহন প্রসঙ্গে।**

আলোচনাঃ সভাপতি মহোদয় বলেন, আগামী কিছু দিনের মধ্যে শীতের প্রবাহ বাড়বে। তাই এ সময়ে বৃদ্ধ ও শিশুরা বেশী সমস্যায় পড়ে। তাই তাদের প্রতি আলাদা যত্ন নেওয়া প্রয়োজন। এ ব্যাপারে পৌরসভা থেকে সচেতনতা মূলক কর্মসূচী গ্রহন করা যেতে পারে।এ বিষয়ে আলোচনা কালে এ কমিটির সদস্য মিসেস রোজী বেগম বলেন, আপনারা অবগত আছেন প্রতি কোয়াটারে UGIIP-III প্রকল্পের অর্থায়নে প্রতি ওয়ার্ডে ০২টি করে.উঠান বৈঠক আয়োজন করা হয় মহিলাদের নিয়ে। আশা করা যায় এই কোয়াটারে উঠান বৈঠক এ মাস থেকে শুরু করা যাবে। সেসব উঠান বৈঠকে আসন্ন শীতে বৃদ্ধ ও শিশুদের প্রতি যত্ন নেওয়ার বিষয়ে বিশদ আলোচনা করে নারীদের সচেনত করা যেতে পারে।

আলোচ্য বিষয়ে এ কমিটির সদস্য শাম্মীম আজিজ বলেন, পৌর নিয়োজিত মাঠকর্মী ও স্বাস্থ্যকর্মী মাধ্যমে বাড়ী বাড়ী সচেতন করা যেতে পারে। কারন শীতে নিউমোনিয়ায় আক্রান্ত হয়ে বৃদ্ধ ও শিশুর জীবনে মারাত্বক পরিনতি হতে পারে।

**সিদ্ধান্ত ঃ** শীতে বৃদ্ধ ও শিশুদের প্রতি অধিকতর যত্ন নেওয়া বিষয়ে সচেতনতামূলক কর্মসূচীর অংশ হিসেবে উঠান বৈঠক সহ পৌরসভার স্বাস্থ্যকর্মী, মাঠকর্মীর মাধ্যমে পৌর এলাকার প্রতিটি মহল্লায় সচেতন করা বিষয়ে একমত পোষন করেন।

**৩নং আলোচ্য বিষয় ঃ (অক্টোবর-ডিসেম্বর/২০১৯) কোয়াটারে উঠান বৈঠক সফল ভাবে আয়োজনের প্রস্তুতি গ্রহণ প্রসঙ্গে।**

আলোচনাঃ আলোচ্য বিষয়ের উপর সভাপতি মহোদয় বলেন, অক্টোবর-ডিসেম্বর/২০১৯ কোয়ার্টারে অত্র পৌরসভার ৯টি ওয়ার্ডে ১৮টি উঠান বৈঠক করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। আলোচনায় এ কমিটির সাচিবিক দায়িত্ব প্রাপ্ত বস্তি উন্নয়ন

কর্মকর্তাকে প্রকল্পের এলসিডিএ মোঃ নুর মোহাম্মদ কে নিয়ে স্ব স্ব ওয়ার্ডের কাউন্সিলরদের সাথে সমন্বয় পূর্বক তারিখ ও স্থান নির্ধারণ করবেন। উঠান বৈঠকের মাধ্যমে নারী ও পুরুষের মধ্যে বিরাজমান সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক, দায়দায়িত্ব, আইনগত, অধিকার ও মূল্যায়নে সমতা আনায়ন ও সমাজে নারী পুরুষের বৈষম্য দূরীকরণ এবং সমান অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে লিঙ্গ সমতা অর্জনের গুরুত্বপূর্ন ভূমিকা রাখবে বলে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত** ঃ এ কমিটির সভাপতি জনাবা মোছাঃ ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-০৩) ও অন্যান্য সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর গণের সাথে আলোচনা করে উঠান বৈঠক আয়োজনের জন্য বস্তি উন্নয়ন কর্মকর্তা ও প্রকল্পের কম্পিউটার অপারেটর মোঃ আব্দুল মতিন সার্বিক দায়িত্ব অর্পণ করবেন এবং কমিউনিটি ফিল্ড ওয়ার্কার গণ উঠান বৈঠক চলাকালীন সময়ে শিশু ব্যবস্থাপনার দায়িত্ব পালন করবেন।

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

স্মারক নং- জঃপৌঃসঃ/প্রঃকৌঃ/ ২০১৯-২০২০/ ৩৫৫

তারিখ ঃ ১২/১১/২০১৯ ইং

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ</u>

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা ........................................................................ সদস্য, নারী ও শিশু বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি।

(মোছাঃ ফেন্সী আরা)
সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
এবং কাউন্সিলর (সংরক্ষিত-৩)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।

### নারী ও শিশু বিষয়ক কমিটি সভার উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি ঃ জনাবা ফেন্সী আরা, কাউন্সিলর (সংরক্ষিত-৩), জয়পুরহাট পৌরসভা।

সভার স্থান ঃ পৌর মিলনায়তন।

তারিখ ঃ ১২/১১/২০১৯ ইং।

রোজ ঃ মঙ্গলবার।

সময় ঃ বেলা- ১১.০০ ঘটিকা।

**উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ**

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ রোজী বেগম | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোছাঃ শাম্মীম আজিজ | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সদস্য | |
| ০৪ | মোঃ সাহেদুল আহ্সান সোহেল | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-১, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ ফেন্সীআরা | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সভাপতি | |
| ০৬ | মোঃ সেলিমুর রহমান বাবুল | প্যানেল মেয়র-০১ ও কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-৪, জয়পুরহাট পৌরসভা | মেয়র কর্তৃক মনোনীত | |